

যুগান্তর

প্রিন্ট: ০৮ এপ্রিল ২০২৬, ১১:০১ এএম

শিক্ষাঙ্গন

এনটিআরসিএ: তিন ব্যাচের নিবন্ধনধারীরা
বিশেষ নিয়োগ সুবিধা পাবেন

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৭ এপ্রিল ২০২৬, ১০:৫১ পিএম





২০তম শিক্ষক নিবন্ধন সম্পন্ন হওয়ার পর একটি বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। এ নিয়োগ প্রক্রিয়ায় ১৬, ১৭ ও ১৮তম নিবন্ধনধারীরা অংশ নেওয়ার সুযোগ পাবেন। তবে এর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে।

মঙ্গলবার (৭ এপ্রিল) প্রতিষ্ঠানপ্রধান ও সহকারী প্রধান নিয়োগ পরীক্ষা সংক্রান্ত আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম।

এনটিআরসিএ চেয়ারম্যান বলেন, ৯ম শিক্ষক নিয়োগের সুপারিশের পর ২০তম নিবন্ধন হয়ে যাবে। এরপর ১৮, ১৭ এবং ১৬তম নিবন্ধনধারীদের মধ্যে যারা যোগ্য তাদের জন্য আলাদা একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হতে পারে। যেহেতু সিলেবাস পরিবর্তন হয়ে যাচ্ছে, সেহেতু তাদের আরেকটি সুযোগ দেওয়ার ক্ষেত্রে আমাদের পরিকল্পনা রয়েছে। তবে এক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন লাগবে।

আমিনুল ইসলাম বলেন, ১৬, ১৭ এবং ১৮তম নিবন্ধনধারীর মধ্যে যাদের বয়স রয়েছে এবং সনদের মেয়াদ আছে তারা এই বিজ্ঞপ্তিতে সুযোগ পাবেন।

